

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ আগস্ট, ১৪২২ বঙ্গাব্দ/০৮ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৯৯-আইন/আয়কর/২০১৫—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এবং ৪ অনুসারে যথাক্রমে ঘোষিত এবং প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলে পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত এবং উক্ত Ordinance এর section 2 এর clause (20) অনুসারে সংজ্ঞায়িত কোন—

- (ক) কোম্পানী কর্তৃক বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ করিবার তারিখ হইতে পরবর্তী ১০ (দশ) বৎসরের জন্য ঘোষিত লভ্যাংশের উপর,
- (খ) কোম্পানীর বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ করিবার পর হইতে পরবর্তী ১০ (দশ) বৎসরের মধ্যে উক্ত কোম্পানীর শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর,
- (গ) কোম্পানীর বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ করিবার পর হইতে পরবর্তী ১০ (দশ) বৎসরের মধ্যে প্রদেয় Royalties, Technical know-how and technical assistance fees এর উপর,

প্রদেয় আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

(৮৩০১)
মূল্য : টাকা ৪.০০

২। দফা (১) এ বর্ণিত অব্যাহতি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোম্পানীকে—

(ক) টি আই এন গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

ব্যাখ্যা :—এই প্রজ্ঞাপনে “বাণিজ্যিক কার্যক্রম আরঙ্গ” বলিতে অর্থনৈতিক অঞ্চলে পরিচালিত কোম্পানী যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিরুর রহমান
সচিব।